

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
 প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
 দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
 ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার

পরিচালক (এমআইএম-চ.দা)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ও

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ৬ সেপ্টেম্বর, ২০২২ সময়: সকাল ৮.৩০ ঘটিকা

স্থান : আইলা ট্রেনিং রুম (৮ম তলা)

হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ ফখরুল আরেফীনকে সভার আলোচ্যসূচি উপস্থাপনার অনুরোধ জানান। প্রোগ্রাম ম্যানেজার সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। মূলত প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও বিবিধ বিষয়ে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করেন।

০১। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	বিপদসীমা নির্ধারণ কর্মশালা	প্রকল্প এলাকার বিভিন্ন জেলায় বিপদসীমা নির্ধারণ কর্মশালা আয়োজন ও গেজ স্থাপনের নিমিত্তে স্থান নির্বাচনের জন্য Technical Advisory Committee এর সদস্যব�ৃন্দের সাথে সভার আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	আগামী ২০ সেপ্টেম্বর, ২০২২ অনুষ্ঠিতব্য Technical Advisory Committee এর সদস্যবৃন্দের সাথে আলোচনা সাপেক্ষে অন্তিবিলম্বে তিন জেলায় বিপদসীমা নির্ধারণ কর্মশালার আয়োজন করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
২	সর্বাধিক বিপদাপম্প ইউনিয়ন নির্বাচন	Technical Advisory Committee দ্বারা সর্বাধিক বিপদাপম্প ইউনিয়ন এর তালিকা চূড়ান্তকরণের পূর্বে উপজেলা প্রশাসন দ্বারা Validate করার বিষয়ে আলোচনা হয়।	Technical Advisory Committee এর সভায় প্রকল্প এলাকার ৬০ টি সর্বাধিক বিপদাপম্প ইউনিয়ন এর তালিকা চূড়ান্তকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কো-অরডিনেটর
৩	প্রকল্পের শূন্য পদসমূহে নিয়োগ (টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর, ও ইন্টার্ন)	প্রকল্পের টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর ও ইন্টার্ন নিয়োগের জন্য নির্বাচিত প্রতিনিধিদের পদায়নের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিশদ আলোচনা হয়।	আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে রাইমেস কর্তৃক টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর ও ইন্টার্ন নিয়োগ এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES, প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার
৪	দুর্ঘোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ হালানাগাদ	প্রকল্পের আওতাভুক্ত জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের দুর্ঘোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তাগিদ পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আগামী ১৬ সেপ্টেম্বর এর মধ্যে সকল পর্যায়ে দুর্ঘোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য প্রদানের জন্য প্রকল্পভুক্ত জেলাসমূহে অন্তিবিলম্বে একটি তাগিদ পত্র প্রেরণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার
৫	বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ	জেলা, উপজেলা ও ইউনিয়ন ডিএমসি সদস্যদের বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে মডিউল প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) চলতি মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে প্রকল্পের আওতাধীন স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) প্রশিক্ষণ মডিউল বাংলায় প্রস্তুত করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৬	DEM ডাটা সংগ্রহ	প্রকল্প আওতাধীন এলাকার DEM ডাটা সংগ্রহের জন্য LIDAR এর ব্যবহার নিয়ে আলোচনা হয়।	আগামী অক্টোবর থেকে DEM ডাটা সংগ্রহের জন্য রাইমস কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিষ্ট

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিএম কম্পোনেন্ট

ও

স্মারক নং- ৫১.০১.০০০০.০৮৬.২৯.০০২.২১

পরিচালক (এমআইএম-চ.দা.)

ফোনঃ ০২-২২২২৯৫৩৫৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০৩। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।

০৫। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)

উপপ্রকল্প সমন্বয়ক (ICT)

প্রভাতী প্রকল্প-ডিএম কম্পোনেন্ট

ফোনঃ ০২-২২২২৯২৬৩৮